# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# তথ্য অধিদফতর
# বাংলাদেশ সচিবালয়
# ঢাকা

## সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ২০০/২০১৭-১৮**

**ঢাকা, সোমবার, ১৬ এপ্রিল ২০১৮, ৩ বৈশাখ ১৪২৫**

১। সৌদি আরব ও যুক্তরাজ্যের উদ্দেশে প্রধানমন্ত্রীর ঢাকা ত্যাগ

২। কোনো অশুভ শক্তি যেন ক্ষমতায় আসতে না পারে : নববর্ষের শুভেচ্ছা বিনিময়কালে প্রধানমন্ত্রী

৩। সরকারের সামনে তিনটি চ্যালেঞ্জ
: বিদেশি সাংবাদিকদের সাক্ষাতকালে তথ্যমন্ত্রী

৪। টেকসই উন্নয়নে পর্যটন শিল্পকে বিশেষ গুরুত্ব দিতে হবে : পরিকল্পনামন্ত্রী

৫। সরকারি গুদামে ১২ লাখ মেট্রিক টনের বেশি খাদ্য মজুদ রয়েছে : খাদ্যমন্ত্রী

৬। তথ্যপ্রযুক্তি খাত তরুণদের স্বাবলম্বী হতে শেখাবে :
বিপিও সামিটের উদ্বোধন অনুষ্ঠানে সজীব ওয়াজেদ জয়

৭। ৩৯তম বিসিএসের জন্য পিএসসির হেল্পলাইন চালু

চলমান পাতা-২

১। **সৌদি আরব ও যুক্তরাজ্যের উদ্দেশে প্রধানমন্ত্রীর ঢাকা ত্যাগ**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা সৌদি আরব ও যুক্তরাজ্যে আট দিনের সরকারি সফরে ঢাকা ত্যাগ করেছেন। প্রধানমন্ত্রী ও তাঁর সফরসঙ্গীদের বহনকারী বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের ফ্লাইটটি গতকাল (১৫ এপ্রিল রোববার) বিকেল ৪টা ৪০ মিনিটে সৌদি আরবের দাম্মামের উদ্দেশে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর ত্যাগ করে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা আজ (১৬ এপ্রিল সোমবার) সৌদি আরবের পূর্বাঞ্চলীয় আল জুবাইল প্রদেশে অনুষ্ঠেয় 'গাল্ফ শিল্ড-১' নামের একটি যৌথ সামরিক মহড়ার কুচকাওয়াজ ও সমাপনী অনুষ্ঠানে যোগ দেবেন। তিনি সৌদি বাদশাহ ও দুটি পবিত্র মসজিদের হেফাজতকারী সালমান বিন আবদুল আজিজ আল সৌদের আমন্ত্রণে ঐ অনুষ্ঠানে যোগদান করবেন। গাল্ফ শিল্ড-১-এর সমাপনী অনুষ্ঠানে যোগদান শেষে প্রধানমন্ত্রী কমনওয়েলথ সরকার প্রধানদের বৈঠকে (সিএইচওজিএম) যোগদানের জন্য বিকেলে একটি বিশেষ ফ্লাইটযোগে লন্ডনের উদ্দেশে দাম্মাম ত্যাগ করবেন। সূত্র : **সংবাদ** (শেষ পৃ.,ক.৭), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.১)।

২। **কোনো অশুভ শক্তি যেন ক্ষমতায় আসতে না পারে : নববর্ষের শুভেচ্ছা বিনিময়কালে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশ-বিদেশের সকল বাঙালিকে বাংলা নববর্ষের শুভেচ্ছা জানিয়ে বলেছেন, এ নতুন বছর আমাদের জন্য শুভ ফল নিয়ে আসুক। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের ক্ষুধা-দারিদ্র্যমুক্ত বাংলাদেশ গড়ে তুলব-এটাই নববর্ষে আমাদের প্রতিজ্ঞা। দেশের ঐতিহ্য, ভাষা এবং সংস্কৃতির ক্ষেত্রে বাধা সৃষ্টিকারী কোনো অশুভ শক্তি যাতে আর রাষ্ট্রীয় ক্ষমতায় আসতে না পারে সে ব্যাপারে সজাগ থাকতে দেশবাসীর প্রতি আহ্বান জানান তিনি। গত ১৪ এপ্রিল শনিবার গণভবনে আওয়ামী লীগের নেতা-কর্মীদের সঙ্গে বাংলা নববর্ষ ১৪২৫'র শুভেচ্ছা বিনিময়কালে তিনি এ কথা বলেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.৭)।

৩। **সরকারের সামনে তিনটি চ্যালেঞ্জ : বিদেশি সাংবাদিকদের সাক্ষাতকালে তথ্যমন্ত্রী**

গত নয় বছরে সরকার অর্থনৈতিক উন্নয়নসহ সবক্ষেত্রে উন্নতি করেছে মন্তব্য করে তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, এখন আমাদের সামনে তিনটি চ্যালেঞ্জ। এগুলো হলো, নির্দিষ্ট সময়ে নির্বাচন করা, সন্ত্রাস ও জঙ্গিবাদ দমন করা এবং উন্নয়নের ধারা অব্যাহত রাখা। গতকাল (১৫ এপ্রিল রোববার) সরকারের আমন্ত্রণে বাংলাদেশে সফররত দশ দেশের ২৭ বিদেশি সাংবাদিকের সঙ্গে সাক্ষাতকালে তিনি একথা বলেন। মন্ত্রী আরো বলেন, আমাদের সরকার সমালোচনা শুনতে আগ্রহী এবং সংশোধন করতে আগ্রহী। সূত্র : **সংবাদ** (পৃ.৪,ক.৩), **যায়যায়দিন** (পৃ.৪,ক.৩)।

৪। **টেকসই উন্নয়নে পর্যটন শিল্পকে বিশেষ গুরুত্ব দিতে হবে : পরিকল্পনামন্ত্রী**

দেশের টেকসই অর্থনৈতিক উন্নয়নে পর্যটনশিল্প বিকাশের ক্ষেত্রে বিশেষ গুরুত্ব দিতে হবে বলে জানিয়েছেন পরিকল্পনামন্ত্রী আ হ ম মুস্তফা কামাল। গতকাল (১৫ এপ্রিল রোববার) পরিকল্পনা বিভাগের আওতায় সামাজিক বিজ্ঞান গবেষণা পরিষদের দুটি গবেষণা ফল সংক্রান্ত কর্মশালায় তিনি এ কথা বলেন। পরিকল্পনামন্ত্রী বলেন, বাংলাদেশের অর্থনীতির জন্য সম্ভাবনাময় খাতগুলোর মধ্যে প্রধান তিনটি হচ্ছে, পর্যটন, তথ্যপ্রযুক্তি এবং স্বাস্থ্যসেবা। এসব খাতে উন্নতি করার মাধ্যমে অর্থনীতি টেকসই করা সম্ভব। সূত্র : **সংবাদ** (পৃ.৪,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১৮,ক.৬)।

৫। **সরকারি গুদামে ১২ লাখ মেট্রিক টনের বেশি খাদ্য মজুদ রয়েছে : খাদ্যমন্ত্রী**

বর্তমানে সরকারি গুদামগুলোতে ১২ লাখ মেট্রিক টনের উপরে খাদ্য মজুদ রয়েছে, যা বিগত ২০ বছরের মধ্যে সর্বাধিক। গতকাল (১৫ এপ্রিল রোববার) খাদ্য অধিদফতরে আয়োজিত আরসি ফুড, ডিসি ফুড এবং মাঠ পর্যায়ের কর্মকর্তাদের সঙ্গে এক মতবিনিময় সভায় খাদ্যমন্ত্রী কামরুল ইসলাম এসব কথা বলেন। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.১,ক.৮)।

৬। **তথ্যপ্রযুক্তি খাত তরুণদের স্বাবলম্বী হতে শেখাবে :**
**বিপিও সামিটের উদ্বোধন অনুষ্ঠানে সজীব ওয়াজেদ জয়**

প্রধানমন্ত্রীর তথ্য ও যোগাযোগ প্রযুক্তিবিষয়ক উপদেষ্টা সজীব ওয়াজেদ জয় বলেছেন, তরুণদের এখন চাকরি নিয়ে ভাবতে হবে না। তথ্যপ্রযুক্তি খাত তাদের বিপুল আয়ের মাধ্যমে স্বাবলম্বী হতে শেখাবে। তথ্যপ্রযুক্তিতে দ্রুত কর্মসংস্থান বৃদ্ধির কথা উল্লেখ করে সজীব ওয়াজেদ জয় বলেন, বর্তমানে এ খাতে আয় ৮০০ কোটি ডলার ছাড়িয়েছে। ২০২১ সালের মধ্যে বিজনেস প্রসেসিং আউটসোর্সিং (বিপিও) খাতে কর্মসংস্থান এক লাখ ছাড়িয়ে যাবে বলেও আশা প্রকাশ করেন তিনি। গতকাল (১৫ এপ্রিল রোববার) রাজধানীতে বিজনেস প্রসেস আউটসোর্সিং (বিপিও) সামিটের উদ্বোধন অনুষ্ঠানে দেওয়া বক্তব্যে সজীব ওয়াজেদ জয় এসব কথা বলেন। সূত্র : **সমকাল** (পৃ.২,ক.৬), **ইত্তেফাক** (পৃ.১,ক.৩), **অবজারভার** (পৃ.১,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৩)।

৭। **৩৯তম বিসিএসের জন্য পিএসসির হেল্পলাইন চালু**

৩৯তম বিশেষ বিসিএসের জন্য চারটি হেল্পলাইন নম্বর চালু করেছে বাংলাদেশ সরকারি কর্মকমিশন (পিএসসি)। গতকাল (১৫ এপ্রিল রোববার) পিএসসির এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। সরকারি মোবাইল সেবাদাতা প্রতিষ্ঠান টেলিটকের এ চারটি নম্বর হচ্ছে :০১৫৫৫৫৫৫১৪৯-৫২। প্রার্থীরা আবেদন করতে গিয়ে কোনো সমস্যায় পড়লে এসব নম্বরে কথা বলে এর সমাধান করতে পারবেন। সূত্র : **সমকাল** (পৃ.১৯,ক.৩), **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৬)।

## সম্পাদকীয়

ক. **ভোরের কাগজ :** রাষ্ট্রায়ত্ত ব্যাংকগুলো খেলাপি ঋণের ভারে ক্রমেই ন্যূজ হয়ে পড়ছে উল্লেখ করে খেলাপি ঋণের বিস্তার রোধে এবং অনাদায়ী ঋণ আদায়ে কার্যকর পদক্ষেপ নেওয়া হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

খ. **সমকাল :** আসন্ন রমজানে ভোগ্যপণ্যের দাম যাতে ক্রয়ক্ষমতার মধ্যে থাকে সে ব্যাপারে নজরদারির সুপারিশ।

গ. **জনকণ্ঠ :** বিদেশের বাজারে প্লাস্টিক খাতের অবস্থান সুদৃঢ় করতে মানসম্মত পণ্য উৎপাদনের ওপর গুরুত্বারোপ।

ঘ. **ইত্তেফাক, ডেইলি স্টার :** পরিবহণ মালিক-শ্রমিকদের যৌথ সভায় এ খাতের নানা বিশৃঙ্খলা রোধে তাদের ইতিবাচক অঙ্গীকার নেওয়ার কথা উল্লেখ করে তা যথাযথভাবে বাস্তবায়ন করা হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

ঙ. **নিউ এজ :** রাজধানীতে পর্যাপ্ত পরিমাণ পার্ক ও খেলাধুলার মাঠ বাড়ানোর আহ্বান।

চ. **ইন্ডিপেনডেন্ট :** এ বছর থেকে প্রাথমিক সমাপনী পরীক্ষায় নতুন প্রশ্ন কাঠামো প্রণয়ন প্রশ্নপত্র ফাঁস রোধে সহায়ক হবে বলে প্রত্যাশা ব্যক্ত করে সম্পাদকীয় প্রকাশ।

## উপসম্পাদকীয়

**বণিক বার্তা** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে ব্যাংকগুলোর অনিয়ম-অব্যবস্থাপনা দূর করতে ব্যাংক নিয়ে যেসব নিয়ম-কানুন আছে প্রতিটি ব্যাংককে তা পরিপালন করতে হবে।।

## নিবন্ধ ও ফিচার

**ভোরের কাগজ** পত্রিকায় প্রকাশিত **'সুশাসন ও উন্নয়নের নেতৃত্বে বাংলাদেশ'** শিরোনামের নিবন্ধে দেশের সামগ্রিক কল্যাণে একজন যোগ্য নেতা অত্যন্ত তাৎপর্যপূর্ণ ও ইতিবাচক ভূমিকা পালন করতে পারেন বলে অভিমত প্রকাশ ।

#

শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/২০১৮/৯.০০ ঘণ্টা